

الْخَافِضُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ২৩ তম নাম الْخَافِضُ ‘আল খাফেদো’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْخَافِضُ’ শব্দের মূল خ - ف - ض , এই মূল শব্দ থেকে যে সকল শব্দ গঠিত হয়েছে তা পবিত্র কোরআন মাজিদে মাত্র ৪ বার এসেছে। কাউকে নিচে নামান, অবনমিত করা, অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ ‘الْخَافِضُ’ অর্থ আল্লাহ ‘তিনি যাকে খুশি নিচে নামান ‘।

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

خَافِضَةٌ رَّافِعَةٌ ﴿٢٣﴾

সূরা আল ওয়াকিয়া ৩ নং আয়াতে -

সেটা (অর্থাৎ কিয়ামত) কাউকে নামাবে নিচে, কাউকে উঠাবে উপরে।

لَا تَمُدَّنَّ عَيْنَيْكَ إِلَىٰ مَا مَتَّعْنَا بِهِ أَزْوَاجًا مِّنْهُمْ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَاخْفِضْ جَنَاحَكَ
لِلْمُؤْمِنِينَ ﴿٨٨﴾

সূরা হিজর ৮৮ নং আয়াতে -

আমরা তাদের বিভিন্ন শ্রেণীতে ভোগ-বিলাসের যেসব উপকরণ দিয়েছি, সেগুলোর প্রতি তুমি কখনো তোমার দু'চোখ মেলে তাকিয়ে না, তাদের জন্য তুমি দুঃখও করো না। তুমি মুমিনদের জন্য তোমার দুই ডানা অবনমিত করে দাও।

وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيْتَنِي صَغِيرًا
﴿٢٤﴾

সূরা বনি ইসরাইল ২৪ নং আয়াতে -

দয়া- অনুকম্পা নিয়ে তাদের (পিতা-মাতার) প্রতি কোমলতার ডানা অবনমিত করবে এবং তাদের জন্য দোয়া করবে এই ভাবে: ‘আমার প্রভু! তাদের প্রতি রহম করো, যেভাবে শৈশবে তারা (দয়ামায়া ও কোমলতার পরশে) আমাকে লালন পালন করেছে।

وَأَخْفِضْ جَنَاحَكَ لِمَنِ اتَّبَعَكَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿٢١٥﴾

সূরা আশ শোয়ারা ২১৫ নং আয়াতে -

আর যারা তোমার অনুসরণ করে সেসব মুমিনদের প্রতি তুমি (হে রাসুল) স্নেহ-মমতার ডানা অবনমিত কর।

মুসলিম শরীফের হাদিস-

রাসুল সাঃ দোয়া করতেন:

اللَّهُمَّ مُصَرِّفَ الْقُلُوبِ صَرِّفْ قُلُوبَنَا عَلَى طَاعَتِكَ

‘হে আল্লাহ, হৃদয় সমূহের পরিবর্তনকারী, আমাদের হৃদয়গুলোকে তোমার আনুগত্যের দিকে ঘুরিয়ে দাও’।

কিয়ামতের কঠিন মসিবতের দিনে যাতে আল্লাহ ‘الْخَافِضُ’ আমাদেরকে নিচে না নামান সে জন্য আসুন, আমরা তাঁর হুকুমের আনুগত্য করি, তাঁর গুণের সাথে কাউকে শরিক না করি। আল্লাহ শিরকের গুনাহ ক্ষমা করবেন না।

হে আল্লাহ, আমাদেরকে শিরকমুক্ত হয়ে আপনার আনুগত্য করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহা।